স্মারক নং- তারিখঃ .........................ইং

৬নং মাচ্চর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির জুলাই/২৩ মাসের সভার কার্যবিরণী

সভাপতিঃ মোঃ জাহিদ মুন্সী
স্থান: ইউপি সভাকক্ষ তারিখ: ২৬/০৭/২০২৩ ইং সময়:
বিকাল ৩.০০ ঘটিকা

উপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

আলোচ্যসূচী:
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ৬নং মাচ্চর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির কার্যক্রম প্রসঙ্গে।
৩। বিবিধ।

অদ্যকার সভার সম্মানিত সভাপতি জনাব মোঃ জাহিদ মুন্সী চেয়ারম্যান ৬নং মাচ্চর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্যাবলী আরম্ভ করা হয়। সভার শুরুতে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং উহা অনুমোদিত হয়।

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্তসংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | আইন শৃঙ্খলা | সভায় সভাপতি সাহেব মাচ্চর ইউনিয়নের আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে উপস্থিত সকলের নিকট জানতে চায়। এক এক করে সকল ইউপি সদস্য তার এলাকার আইনশৃঙ্খলা ভাল বলে জানান। ০৮ নং ওয়ার্ডর সদস্য মোঃ জিয়াউর মন্ডল জানান যে, দয়ারামপুর স্কুলের আশে পাশে যুবক বেকার ছেলেরা মাদক সেবন করে থাকে এ বিষয়ে | সন্ধার পর গ্রাম পুলিশগন দ্বারা পাহাড়া দেয়ার সিদ্ধান্ত হয়। | চেয়ারম্যান, ইউ,পি সদস্য ও গ্রাম পুলিশ। |

স্মারক নং-　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ .........................ইং

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ জানান। | | |
| ২ | শিক্ষা | সভায় জনাব সুজন আহম্মেদ প্রধান শিক্ষক, ধুলদী আঃ কুদ্দুস উচ্চ বিদ্যালয় জানান যে তার বিদ্যালয়ে ইউনিয়ন পরিষদ হতে ০৮টি চেয়ার ও একটি স্টিলের আলমারী দেওয়া হয়েছে। তিনি আগামীতে আরও একটি আলমারী দেওয়ার অনুরোধ জানান। | আগামীতে কোন বরাদ্দ পাওয়া গেলে ব্যবস্থা নেয়া হবে। | চেয়ারম্যান |
| ৩ | কৃষি | সভায়,উপ-সহকারি কৃষিকর্মকর্তা ডলি রানী সাহা জানান যে আমন মৌসুমে স্বল্প সময়ে ৭১/৭৫ ধান রোপন করলে ফলন ভালো হয়। | কৃষকদের কে ৭১/৭৫ ধান রোপনে উদ্বৃত্ব করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের অনুরোধ করা হয়। | চেয়ারম্যান। |
| ৪ | স্বাস্থ্য | ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের মনোয়ারা বেগম জানান যে মাচ্চর ইউনিয়ন ডেঙ্গু জ্বরের প্রকোপ হতে রক্ষা পাওয়ার জন্য বাড়ীর আশে পাশে পরিস্কার রাখার জন্য পরামর্শ প্রদান করেন এবং রাতে ঘুমানো আগে মশারীর ব্যবহার করার পরামর্শ প্রদান করেন। | জনসাধারনকে এ বিষয়ে উদ্বৃত্ব করার সিদ্ধান্ত গৃহিত হয় | সকল সদস্য ও কমিটির সদস্যবৃন্দ |
| ৫ | জনস্বাস্থ্য | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের মেকানিক জানান যে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস হইতে অত্র ইউনিয়নে ১৩টি গভীর নলকূপ বরাদ্দ হয়েছে । | দ্রুত তালিকা করে নলকূপ গুলো স্থাপন করার ব্যবস্থা নিতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ফরিদপুর সদর,ফরিদপুর। |
| ৬ | সমাজ সেবা | ইউনিয়ন সমাজ কর্মী আরিফা | প্রতি ওয়াডে ওয়াডে | ইউ,পি চেয়ারম্যান ও |

স্মারক নং- তারিখঃ ........................ইং

| | | | | |
|---|---|---|---|---|
| | | বেগম যে সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে সকল ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করা হবে। | ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা সমাজসেবা অফিস। |
| ৭ | বিআরডিবি | বি,আর,ডি,বি বিভাগের কোন কর্মকর্তা উপস্থিত না থানায় কোন আলোচনা হয় নাই। | ইউ,পি উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অনুরাধ জানান হয়। | উপজেলা বি,আর,ডি,বি কর্মকর্তা, ফরিদপুর সদর,ফরিদপুর। |
| ৮ | জন্ম ও মৃত্যু নিবন্ধন | ইউ,পি সচিব সাহেব জানান যে, সরকার ০১ দিন থেকে ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিনা ফিতে করার আইন করেছেন। এবং ০১ থেকে ০১ বছরের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করার গুরুত্ব দিয়েছেন। | সকল ইউপি সদস্য গ্রামপুলিশ এবং স্বাস্থ্য কর্মীদের এ বিষয়ে এক সাথে কাজ করার অনুরোধ জানান। | চেয়াম্যান |
| ৯ | বাল্য বিবাহ | সভায় চেয়ারম্যান, জনাব মোঃ জাহিদ মুন্সী সাহেব জানান যে , মাচ্চর ইউনিয়নের বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ করা প্রয়োজন। | বাল্য বিবাহ ও নারী নির্যাতন যাতে না হয় সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা। | চেয়ারম্যান ও ইউপি সদস্যবৃন্দ ও গ্রাম পুলিশবৃন্দ। |
| ১০ | ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় খাল খনন প্রসংগে। | সভায় চেয়ারম্যান সাহেব জানান যে, ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় ফরিদপুর সদর উপজেলাধীন ৬নং মাচ্চর ইউনিয়নের ০১টি গুরুত্ব পূর্ণ খাল শুষ্ক মৌসুমে শুকিয়ে যায় । যার ফলে কৃষি সহ মৎস্য চাষের অনেক সমস্যা হয়। খাল গুলো খনন করা হলে কৃষি (সেচ) সুবিধা হবে ফসল উৎপাদন বাড়বে মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে। এলাকার মানুষের আর্থ সামাজিক উন্নয়ন ঘটবে। তাই | ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ২য় পর্যায় মাচ্চর ইউনিয়নের নিম্নোক্ত খাল গুলো খনন ও পূণঃ খনন করা প্রয়োজন। ১। দয়ারামপুর রেললাইন হতে সুইচ গেট হয়ে কুমার নদী পর্যন্ত খাল খনন। | উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর,ফরিদপুর। |

স্মারক নং- তারিখঃ .........................ইং

| | | | | |
|---|---|---|---|---|
| | | খাল গুলো খনন করা জরুরী। | | |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষনা করেন।

(মোঃ জাহিদ মুন্সী)
চেয়ারম্যান
৬নং মাচ্চর ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং-
তারিখঃ ২৬/০৭/২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ
১। উপ-পরিচালক,(উপসচিব)স্থানীয় সরকার,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর,ফরিদপুর।
৩। অফিস নথি।

(মোঃ জাহিদ মুন্সী)
চেয়ারম্যান
৬নং মাচ্চর ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।